

পশ্চিমবঙ্গ সরকার
সহ-অধিকর্তা কৃষিজ বিপণন (প্রশাসনিক), নদীয়া'র করণ
২৭, আর এন ঠাকুর রোড, পোঃ কৃষ্ণনগর, নদীয়া, ৭৪১১০১
দূরভাষ : ০৩৪৭২-২৫২৩৯৭, ই-মেল : adamnadia111@gmail.com

স্মারক সংখ্যা : ৭০৮

তারিখ : ১৮/৮/২০১৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সমস্ত কৃষক বন্ধুদের জানানো যাচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন দপ্তরের উদ্যোগে ২০১৬-১৭ আর্থিক বর্ষে “আমার ফসল আমার গোলা” ও “আমার ফসল আমার গাড়ি” প্রকল্পের সুযোগ গ্রহণের জন্য যে কোন কৃষক (যাঁর নিজস্ব জমির পরিমাণ অনধিক এক একর)/কৃষক গোষ্ঠী/স্বনির্ভর গোষ্ঠী /নিবন্ধীকৃত এফপিও / এফপিসি'র সদস্য ইত্যাদি আগ্রহী কৃষকদের কাছ থেকে ‘আগে এলে আগে পাবে’ এই ভিত্তিতে উৎপাদিত ফসল সংরক্ষণ ও পরিবহন-এর সুবিধার্থে গোলা নির্মাণ ও ভ্যান রিক্সা ক্রয় করার জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। সংশ্লিষ্ট ব্লকের সহ-অধিকর্তা, কৃষি মহাশয়ের অফিস থেকে নির্দিষ্ট প্রকল্পের জন্য নির্ধারিত আবেদন পত্র পাওয়া যাবে এবং পূরণ করা আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত নথিগুলি আবশ্যিকভাবে যুক্ত করে এবং আবেদন পত্রটি সংশ্লিষ্ট ব্লকের পঞ্চায়ত সমিতির সভাপতি / কৃষি কর্মাধ্যক্ষ অথবা সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়ত প্রধান-এর সুপারিশসহ আগামী ৫ই সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে অতি অবশ্যই ব্লকের সহ-অধিকর্তা, কৃষি মহাশয়ের অফিসে জমা দিতে হবে।

● নথি সমূহ যা আবেদন পত্রের সাথে আবশ্যিকভাবে যুক্ত করতে হবে :-

- আবেদনকারীর ১ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি সরকারি গুপ-এ অফিসার দ্বারা প্রত্যায়িত;
- ক) ভোটার কার্ডের জেরক্স খ) বৈধ কিয়ান ক্রেডিট কার্ড/বৈধ ব্যাঙ্ক এ্যাকাউন্ট, আইএফএস.কোড সহ জেরক্স;
- জমির পরিমাণ উল্লেখ করা বৈধ কাগজ, দলিল ও খাজনার রসিদের জেরক্স ;
- নিবন্ধীকৃত এফপিও/এফপিসি'র সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার সভাপতির শংসাপত্র বাধ্যতামূলক ;
- তফসিলি জাতি/উপজাতি সংক্রান্ত বৈধ শংসাপত্রের জেরক্স ;

প্রকল্পের নাম	অনুদানের পরিমাণ		
		সরকারি অনুদান মূল্য	MGNREGA অনুদান
আমার ফসল আমার গোলা	প্রথাগত গোলা	টাকা ৫,০০০.০০	টাকা ১,৯৪৩.৫০
	উন্নতমানের গোলা (পাকা কুঠি)	টাকা ১২,০০০.০০	টাকা ৬,৬৭৫.০০
	পৈয়াজ সংরক্ষণের গোলা	টাকা ২৫,০০০.০০	টাকা ৭,৫২১.০০
আমার ফসল আমার গাড়ি	ভ্যান রিক্সা	টাকা ১০,০০০.০০	নেই

- বিঃদ্রঃ- ১) পূর্বে একই প্রকল্পের কোনরূপ সুবিধা গ্রহণ করে থাকলে পুনরায় আবেদন করা যাবেনা।
২) বিশদ বিবরণের জন্য সহ-অধিকর্তা কৃষিজ বিপণন (প্রশাসনিক), নদীয়া অথবা নিকটবর্তী সহ-কৃষিজ বিপণন আধিকারিক (প্রশাসনিক), কৃষ্ণনগর সদর/রানাঘাট-এর অফিসে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

স্বাক্ষর - সুদীপ কুমার পাল
সহ-অধিকর্তা কৃষিজ বিপণন (প্রশাসনিক), নদীয়া
ও মেম্বার কনভেনার, ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি

স্বাক্ষর - সুমিত গুপ্তা
জেলা শাসক, নদীয়া ও চেয়ারম্যান,
ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি